

লোরনা হুইসটনের রিয়াল রিডিং সিস্টেম

লোরনা হুইসটন সিঙ্গাপুরের এক বিখ্যাত ইংরেজি ভাষাশিক্ষার স্কুল। ৩৪ বছর ধরে পরীক্ষিত এক পাঠ পদ্ধতিতে দারুণ সফলতা পেয়েছে এই শিক্ষা প্রতিষ্ঠান। শিক্ষাদান ক্ষেত্রে তাদের রিয়াল রিডিং সিস্টেম (প্রকৃত পাঠ পদ্ধতি) খুবই কার্যকর। এই পাঠদান পদ্ধতি শিক্ষার্থীর অনুমান, ধারণা ও সিদ্ধান্তে পৌঁছানোর দক্ষতা বাড়িয়ে তার উপলব্ধি ক্ষমতা সমৃদ্ধ করে। একজন শিক্ষার্থী স্কুলের সার্বিক পাঠে বেশ উপকার পেয়ে থাকে এই পদ্ধতিতে পড়াশোনা করে। শ্রেণি শিক্ষক সাপ্তাহিক ভিত্তিতে খুব যত্নের সঙ্গে প্রত্যেক শিশুর পড়াশোনার নজরদারি করেন। চমৎকার বাচনভঙ্গিতে শিক্ষক নিজেই শিক্ষার্থীদের বইয়ের পাঠ পড়ে শোনান। এতে একজন শিক্ষার্থী পাঠ্যবইয়ের প্রতি প্রলুব্ধ হয়ে ওঠে এবং সারা জীবনের জন্য তার ভেতরে পড়ার আগ্রহ সৃষ্টি হয়। সারা বিশ্বেই এখন লোরনা হুইসটনের এই শিক্ষা পদ্ধতি জনপ্রিয় হয়ে উঠছে।



বিচিত্র নিরাপত্তা ব্যবস্থা

জনগণের জানমাল রক্ষা করতে কত ধরনের প্রতিরোধমূলক ব্যবস্থা যে নিরাপত্তা বাহিনীকে নিতে হয় তার কোনো হিসাব নেই। এক্ষেত্রে চীনা নিরাপত্তা বাহিনী সবাইকে ছাড়িয়ে গেছে। তিয়েনআনমেন স্কয়ারে



অনুষ্ঠিতব্য জাতীয় দিবসকে সামনে রেখে নিরাপত্তা জোরদার করা হয়েছে। এ সময় কিছু নাগরিক অভিযোগ তুলল, কবুতর তাদের গাড়ির ওপর অদ্ভুত ধরনের বোমা ফেলেছে। এই সূত্র ধরে চীনা গোয়েন্দা সংস্থা প্রায় ১০ হাজার কবুতরের মলমূত্র পরীক্ষা করেছে। এই কবুতরগুলোকেই জাতীয় দিবসে অবমুক্ত করা হবে। অবশ্য সে পরীক্ষায় বোমার কোনো সন্ধান মেলেনি।




কোথাও নেই কিম জং উন

উত্তর কোরিয়ার স্বৈরশাসক কিম জং উন প্রতিনিয়ত মিডিয়ার নজরে থাকেন। কিন্তু বেশ কিছুদিন ধরে তার দেখা নেই। কোথাও তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না। গত সেপ্টেম্বর থেকেই তিনি প্রায় লাপাতা। ৩ অক্টোবর তাকে শেষবার তার স্ত্রীর সঙ্গে দেখা গিয়েছিল। এরপর থেকে তিনি কোথাও নেই, এমনকি নিজেদের রাজনৈতিক দলের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানেও তিনি যোগ দেননি। কোথায় তিনি? এ নিয়ে বিভিন্ন জল্পনা-কল্পনা শুরু হয়েছে। অনেক গণমাধ্যম জানিয়েছে, তার ২৪ বছর বয়সী বোন কিম ইয়ো-জং তার পরিবর্তে দেশ চালাচ্ছেন। সরকারের ঘনিষ্ঠ কয়েকজন জানিয়েছেন, কিম পায়ে আঘাত পেয়েছেন বলেই কোথাও বের হচ্ছেন না। স্বাস্থ্যবিষয়ক অন্যান্য কারণও থাকতে পারে। রহস্য ঘনীভূত হচ্ছে।

সবচেয়ে দামি সুপারম্যান

নিজেই নিজের রেকর্ড ভাঙল জনপ্রিয় সুপার হিরো সুপারম্যান। ১৯৩৮ সালে প্রথম প্রকাশিত হয় সুপারম্যানের প্রথম কমিকস। সেই সময় প্রকাশিত একটি কমিকসের কপি নিলামের মাধ্যমে প্রায় ৩২ লাখ ৮ হাজার মার্কিন ডলারে বিক্রি হয়েছে। 'অ্যাকশন কমিকস নাম্বার ১' শিরোনামের এই কমিকসটিকে বিশ্বের সবচেয়ে দামি কমিকস হিসেবে স্বীকৃতি দিয়েছে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস কর্তৃপক্ষ। নিউইয়র্কের কমিকস ডিলার স্টেফেন অ্যাডামস এবং কমিককানেক্ট ডটকমের অপারেটর ভিনসেন্ট জুরজোলো ড্যারেন অ্যাডামসের কাছ থেকে ইবের মাধ্যমে কমিকসটি কিনেছেন। ১৯৩৮ সালে এই কমিকসের দাম ছিল মাত্র ১০ সেন্ট। সুপারম্যানকে নিয়ে প্রকাশিত প্রথম কমিকসটির মাত্র কিছু কপি এখনো অবশিষ্ট রয়েছে।



ভেনেজুয়েলার ডাইনোসর

প্রথমবারের মতো ভেনেজুয়েলায় ডাইনোসরের সন্ধান পাওয়া গেছে। ভেনেজুয়েলা কখনই ডাইনোসরের জন্য পরিচিত ছিল না। সেই দেশেই দুপায়ে ভর করে চলত এমন ডাইনোসরের হাদিস মিলল! ৮ অক্টোবর 'রয়াল সোসাইটি ওপেন সায়েন্স' নামের অনলাইন জার্নালে প্রকাশিত এক গবেষণাপত্রের মাধ্যমে এই আবিষ্কারের কথা ঘোষণা করা হয়েছে। ডাইনোসরের নাম 'তাকির্যাপ্টের আডমিরাবিলিস'। ভেনেজুয়েলার তাকিরা প্রদেশের পার্বত্যাঞ্চল থেকে এই ডাইনোসরের দুটি হাড় পাওয়া গেল। বিজ্ঞানীরা জানিয়েছেন, ডাইনোসরটি প্রায় দেড় মিটার লম্বা ছিল। ২শ মিলিয়ন বছর আগে এদের অস্তিত্ব ছিল বলে তারা জানিয়েছেন।

—সুদীপ্ত সালাম

